৩৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 AUG 1988
পৃষ্ঠা ৩ কলাম ৪

২৭

## মেধার স্বীকৃতি প্রতিভা বিকাশের পথ উন্মুক্ত করে

—শিক্ষা মন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, মেধা ও প্রতিভার প্রতি স্বীকৃতি ছাত্র-ছাত্রীদের প্রতিভা বিকাশের পথকে কেবল উন্মুক্তই করে না বরং এক্ষেত্রে তাহাদের উৎসাহিত করে এবং অনুপ্রেরণা জোগায়। মন্ত্রী গত রবিবার গভর্ণমেন্ট লাবরেটরী স্কুলে গত এসএসসি

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### শিক্ষামন্ত্রী

( ৩য় পৃঃ পর )

পরীক্ষায় কৃতী ছাত্রদের এক সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন।

স্কুলের প্রধান শিক্ষক মুহাম্মদ রবিউল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আঃ হঃ মঃ করিম এবং গত এস এস সি পরীক্ষায় প্রথম স্থান অধিকারী ছাত্র মোস্তফা মোঃ রিয়াদ আরেফীন বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী কৃতী ছাত্রদেরকে জাতির শ্রেষ্ঠ সন্তান হিসাবে আখ্যায়িত করিয়া বলেন, আমাদের এদেশকে আগামী দিনের নাগরিকদের জন্য আবাসযোগ্য করিয়া গড়িয়া তোলার লক্ষ্যে অবদান রাখার জন্য সরকার কৃতী ছাত্রদের প্রতিভা বিকাশের সকল সুযোগ নিশ্চিত করিতে বদ্ধপরিকর।
—তথ্যবিবরণী